ঢাবি 'ক' ভর্তি পরীক্ষা ২০১৪-১৫ শিক্ষাবর্ষ

পূর্ণমান: ১২০	MCQ	সময়: ১ ঘণ্টা ৩০ মিনিট

পদার্থবিজ্ঞান, রসায়নসহ, উচ্চতর গণিত ও জীববিজ্ঞানের মধ্যে কেউ চাইলে ৪র্থ বিষয়ের পরিবর্তে বাংলা অথবা ইংরেজি যেকোনো একটি বিষয়ের উত্তর করতে পারবে। অর্থাৎ, সর্বমোট চারটি বিষয়ের উত্তর করতে হবে।

[প্রতিটি সঠিক উত্তরের জন্য ১ নম্বর প্রাপ্য হবে এবং ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে]

পদার্থবিজ্ঞান: MCQ ($30 \times 1 = 30$)

Short Syllabus

01. 

সমান ভর বিশিষ্ট তিনটি খণ্ড A, B, C দড়ির দ্বারা চিত্রে প্রদর্শিত রূপে সংযুক্ত। খণ্ড C, $\vec{F}$ বল দ্বারা টানা হলে সম্পূর্ণ ব্যবস্থাটি ত্বরিত হয়। ঘর্ষণ উপেক্ষা করলে খণ্ড B এর উপর মোট বল হলো-

(a) 0 (b) $\vec{F}/3$ (c) $\vec{F}/2$ (d) $2\vec{F}/3$

সমাধান: (d); কার্যকর ত্বরণ, $\vec{a} = \frac{\vec{F}}{m+m+m} = \frac{\vec{F}}{3m}$; নীট বল, $\vec{F}_1 = 2m\vec{a} = 2m \cdot \frac{\vec{F}}{3m} = \frac{2\vec{F}}{3}$

[যেহেতু B এর উপর প্রযুক্ত বল A ও B এর উপর প্রযুক্ত মোট বলের সমান।]

02. একটি নলাকার তামার রোধ R। আয়তন সমান রেখে তারটির দৈর্ঘ্য দ্বিগুণ করা হলে পরিবর্তিত রোধ কত?

(a) 2R (b) 4R (c) 8R (d) R/2

সমাধান: (b); আয়তন স্থির বিধায় $A \propto \frac{1}{L}$; তাই দৈর্ঘ্য দ্বিগুণ হলে প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল অর্ধেক হবে।

$\therefore R' = \frac{\rho 2L}{\frac{A}{2}} = 4 \cdot \frac{\rho.L}{A} = 4R$

03. $\varepsilon_0\mu_0$ এর একক নিম্নের কোনটির এককের সমান?

(a) $(\text{velocity})^2$ (b) $(\text{velocity})^{1/2}$ (c) $1/\text{velocity}$ (d) $1/(\text{velocity})^2$

সমাধান: (d); $c = \frac{1}{\sqrt{\varepsilon_0\mu_0}} \Rightarrow c^2 = \frac{1}{\varepsilon_0\mu_0} \therefore \varepsilon_0\mu_0 = \frac{1}{c^2}$

অর্থাৎ $\varepsilon_0\mu_0$ এর একক $\frac{1}{(\text{velocity})^2}$ বা $\frac{1}{(\text{velocity})^2}$ এর এককের সমতুল্য।

04. যদি একটি বস্তু আলোর বেগে ধাবিত হয়, তবে এর ভর হবে-

(a) 0 (b) অপরিবর্তিত (c) ∞ (d) কোনটিই নয়

সমাধান: (c); $m = \frac{m_0}{\sqrt{1-\frac{v^2}{c^2}}} = \frac{m_0}{\sqrt{1-\frac{c^2}{c^2}}} = \frac{m_0}{0}$; সুতরাং, ভর হবে অসীম ∞।

05. 

বর্তনীতে R_3 এর দুই প্রান্তে বিভব পার্থক্য হচ্ছে-

(a) 5V (b) 2V (c) 8V (d) 6V

সমাধান: (c); তুল্যরোধ, $R_p = \frac{6\times3}{6+3}\Omega = 2\Omega$; বিভব বিভাজক সূত্র হতে, $V_8 = \left(\frac{8}{8+2} \times 10\right)V = 8V$

06. কোনো ব্যক্তি 30^o ঢালের 5m উঁচু ঘর্ষণবিহীন তল বরাবর একটি 100N ব্লক টেনে তুলছে। ব্লকটি সমদ্রুতিতে চললে ব্যক্তি কী পরিমাণ কাজ করবে?

(a) 250 J (b) 500 J (c) 0 (d) 100 J

সমাধান: (b); এক্ষেত্রে উল্লম্ব উচ্চতা, $h = 5m$

প্রযুক্ত বল, $F = w_t = 100N$ [তলটি মসৃণ]

$\therefore$ কৃতকাজ $= Fh = (5 \times 100)J = 500J$



07. দুইটি ভেক্টর $\vec{A} = 3\hat{i} - 3\hat{j}$ এবং $\vec{B} = 5\hat{i} + 5\hat{k}$ এর মধ্যবর্তী কোণ কত?
(a) 60^o (b) 30^o (c) 45^o (d) 90^o
সমাধান: (a); $\vec{A} \cdot \vec{B} = 15; A = 3\sqrt{2}, B = 5\sqrt{2} \therefore \cos\theta = \frac{\vec{A}\cdot\vec{B}}{AB} = \frac{15}{3\sqrt{2}.5\sqrt{2}} = \frac{1}{2} = \cos 60^o \therefore \theta = 60^o$

08. একটি কণা 2.0m ব্যাসার্ধের বৃত্তাকার পথে প্রতি মিনিটে 30 বার আবর্তন করে। এর রৈখিক বেগ কত?
(a) πms^{-1} (b) $2\ \pi ms^{-1}$ (c) $4\ \pi ms^{-1}$ (d) $0.5\ \pi ms^{-1}$
সমাধান: (b); $v = 2\pi fr = 2\pi\frac{N}{t}r = 2\ \pi \times \frac{30}{60} \times 2 = 2\ \pi ms^{-1}$

09. ফারেনহাইট স্কেলের কোন তাপমাত্রা সেন্ট্রিগ্রেড স্কেলের পাঠের তিনগুণ?
(a) 160^o (b) 80^o (c) 320^o (d) 40^o
সমাধান: (b); $\frac{C}{5} = \frac{F-32}{9} \Rightarrow \frac{x}{15} = \frac{x-32}{9} \Rightarrow 3x = 5x - 160 \therefore x = 80^o$

10. একটি তড়িৎ দ্বিপোলের জন্য তড়িৎক্ষেত্র, দূরত্ব r এর সাথে কীভাবে পরিবর্তিত হয়?
(a) r^{-1} (b) r^{-2} (c) r (d) r^{-3}
সমাধান: (d); $E = \frac{1}{4\pi\varepsilon_o} \cdot \frac{2M}{r^3} \ \therefore E \times r^3 = \text{constant}$

11. ধরা যাক Co–60 তেজস্ক্রিয় পদার্থের অর্ধায়ু 5 বছর। কত বৎসর পরে ঐ তেজস্ক্রিয় পদার্থের তেজস্ক্রিয়তা কমে প্রাথমিক অবস্থার 1/32 তে হ্রাস পাবে?
(a) 10 years (b) 16 years (c) 25 years (d) 32 years
সমাধান: (c); অবশিষ্ট তেজস্ক্রিয় বস্তুর পরিমাণ প্রাথমিক মানের $\frac{1}{2^n}$ গুণ হলে অতিবাহিত সময়, $t = n \times t_{\frac{1}{2}}$
এখানে, $\frac{1}{32} = \frac{1}{2^5} \ \therefore n = 5 \therefore t = 5 \times 5\ \text{years} = 25\ \text{years}$

12. 5μF এর 5 টি ধারক সিরিজ সংযোগে যুক্ত করা হলো। ঐ ধারকগুলোর সমতুল্য ধারকত্ব হচ্ছে-
(a) 5μF (b) 4μF (c) 1μF (d) 10μF
সমাধান: (c); $\frac{1}{C_s} = \frac{1}{5} + \frac{1}{5} + \frac{1}{5} + \frac{1}{5} + \frac{1}{5} = 1\mu F$
n সংখ্যক সমমানের (c) ধারক সিরিজে যুক্ত করলে, $C_s = \frac{C}{n} = \frac{5}{5}\mu F = 1\mu F \ \therefore C_s = 1\mu F$

13. 33% কর্মদক্ষতা সম্পন্ন একটি তাপ ইঞ্জিনে $9.0 \times 10^4 J$ তাপশক্তি সরবরাহ করা হলো। ইঞ্জিনটি কতটুকু তাপশক্তিকে কাজে রূপান্তরিত করতে পারবে?
(a) 3000J (b) 8400J (c) 30000J (d) 10000J
সমাধান: (c); $\eta = 33\% = 0.33 = \frac{1}{3}; W = \eta Q = \frac{1}{3} \times 9 \times 10^4 J = 3 \times 10^4 J$

14. 6V শক্তির উৎস দ্বারা একটি বাতির মধ্য দিয়ে 0.3A বিদ্যুৎ 2 মিনিট ধরে প্রবাহিত করা হলো। এই 2 মিনিটে বাতিটি দ্বারা শক্তি ব্যয়ের পরিমাণ কত?
(a) 12J (b) 1.8J (c) 216J (d) 220J
সমাধান: (c); $W = VIt = 6 \times \frac{3}{10} \times 2 \times 60 = 216J$

15. নিম্নের কোনটি একটি নিউক্লীয় ফিউশন বিক্রিয়া প্রদর্শন করে যেটি থেকে প্রচুর পরিমাণে শক্তি উৎপাদিত হয়?
(a) ${}^{238}_{92}U \rightarrow {}^{234}_{90}Th + {}^{4}_{2}He$ (b) ${}^{3}_{1}H + {}^{2}_{1}H \rightarrow {}^{4}_{2}He + {}^{1}_{0}n$ **[Ans: b]**
(c) ${}^{236}_{92}U \rightarrow {}^{141}_{56}Ba + {}^{92}_{36}Kr + 3{}^{1}_{0}n$ (d) ${}^{24}_{11}Na \rightarrow {}^{24}_{12}Mg + {}^{0}_{1}e$

16. R ব্যাসার্ধের পৃথিবীর পৃষ্ঠে অভিকর্ষ বিভব V হলে পৃষ্ঠ হতে R উচ্চতায় বিভবের মান কত?
(a) V/4 (b) V/2 (c) V (d) 2V
সমাধান: (b); $V = -\frac{GM}{r} \Rightarrow V = -\frac{GM}{R} \therefore V' = -\frac{GM}{R+R} = -\frac{GM}{2R} = \frac{1}{2}\left(-\frac{GM}{R}\right) = \frac{V}{2}$ [r =পৃথিবীর কেন্দ্র হতে দূরত্ব]

17. মুক্তভাবে কোনো পড়ন্ত বস্তুর ত্বরণ g নির্ণয় করতে গিয়ে একজন ছাত্র একটি সরল দোলকের দৈর্ঘ্য l পরিবর্তন করে ভিন্ন ভিন্ন l এর জন্য দোলকের দোলনকাল T পরিমাপ করল। এবার সে T^2 (y-axis) বনাম l (x-axis) লেখচিত্র একে ঢাল S বের করলো। g এর মান কত?
(a) $4\pi^2 S$ (b) $4\pi^2/S$ (c) $2\pi/S$ (d) $2\pi S$
সমাধান: (b); $g = 4\pi^2\frac{L}{T^2} = 4\pi^2.\frac{1}{s} = \frac{4\pi^2}{s}$ [T^2-L গ্রাফের ঢাল, $S = \frac{T^2}{L} \ \therefore \frac{1}{s} = \frac{L}{T^2}$]

18. সমান্তরাল দুটি ধাতব পাতের মধ্যকার দূরত্ব d এবং বিভব পার্থক্য V। যদি Q আধানের একটি বিন্দু চার্জ দুটির ঠিক মধ্যবর্তী বিন্দুতে রাখা হয় তবে চার্জটির উপর ক্রিয়াশীল স্থির তড়িৎ বলের মান কত?
(a) 2VQ/d (b) VQ/d (c) VQ/2d (d) dQ/V
সমাধান: (b); ধারকের অভ্যন্তরীণ ক্ষেত্রে তড়িৎক্ষেত্র সুষম এবং এই তড়িৎক্ষেত্র, $E = \frac{V}{d}$
$\therefore F = QE = \frac{QV}{d}$ [দূরত্বের উপর তড়িৎক্ষেত্র বা প্রাবল্য নির্ভরশীল নয়]

19. একটি সিলিন্ডারে রাখা একটি আদর্শ গ্যাসের অণুগুলোর বর্গমূল-গড়-বর্গবেগ u। গ্যাসে তাপ প্রয়োগের ফলে চাপ 9 গুণ বৃদ্ধি পেল। সিলিন্ডারের আয়তন অপরিবর্তিত থাকলে গ্যাসের অণুগুলোর পরিবর্তিত বর্গমূল-গড়-বর্গবেগ কত?
(a) 9u (b) 6u (c) $\sqrt{3}$ u/2 (d) 3u
সমাধান: (d); $P_1V = \frac{1}{3}mn\bar{c}^2 \therefore P_2V = \frac{1}{3}mn\bar{c}'^2; \frac{\bar{c}'^2}{\bar{c}^2} = \frac{P_2}{P_1} = 9 \therefore \frac{c'_{r.m.s}}{c_{r.m.s}} = \sqrt{\frac{\bar{c}'^2}{\bar{c}^2}} = \sqrt{9} = 3 \therefore c'_{rms} = 3u$

20. মানবদেহের ক্যান্সার আক্রান্ত কোষকে ধ্বংস করার জন্য নিম্নের কোন রশ্মি ব্যবহার করা হয়? **[Ans: c]**
(a) α (b) β (c) γ (d) X-ray

21. এক টুকরা কর্কযুক্ত 0°C তাপমাত্রার একটি বরফখণ্ড বরফ-পানিতে ভাসমান। বরফখণ্ডটি গলে গেলে পানির স্তরের উচ্চতা- **[Ans: c]**
(a) বৃদ্ধি পাবে (b) কমে যাবে
(c) সমান থাকবে (d) আদি অবস্থায় পানি ও বরফের অনুপাতের উপর নির্ভরশীল

Extra Syllabus

22. একটি চৌম্বক ক্ষেত্রের লম্ব বরাবর একটি প্রোটন (charge) একই চৌম্বক ক্ষেত্রে লম্ব বরাবর চলমান একটি আলফা কণার (charge 2e) সমান বল অনুভব করে। তাদের দ্রুতির অনুপাত v_{proton}/v_{alpha} হলো-
(a) 0.5 (b) 2 (c) 4 (d) 8
সমাধান: (b); $F_p = F_\alpha \therefore q_p.B_p.v_p = q_\alpha.B_\alpha.v_\alpha$ [$B_p = B_\alpha = B$, একই চৌম্বক ক্ষেত্রে গতিশীল]
$\Rightarrow \frac{v_p}{v_\alpha} = \frac{q_\alpha}{q_p} \Rightarrow \frac{v_p}{v_\alpha} = \frac{2e}{e} = 2 \therefore v_p : v_\alpha = 2:1$

23. $9.8ms^{-1}$ বেগে একটি পাথর উপরের দিকে নিক্ষেপ করা হলো। এটি কত সময় পরে ভূ-পৃষ্ঠে ফিরে আসবে?
(a) 5 s (b) 2 s (c) 3 s (d) 10 s
সমাধান: (b); $T = \frac{2u}{g} = \frac{2\times9.8}{9.8}s = 2s$

24. দুইটি গাড়ির মধ্যবর্তী দূরত্ব 150km এবং একটি অপরটির দিকে যথাক্রমে 60km/h এবং 40km/h বেগে চলছে। তারা কত ঘন্টা পর মিলিত হবে?
(a) 2.5 h (b) 2.0 h (c) 1.75 h (d) 1.5 h
সমাধান: (d); $150 = 60 \times t + 40 \times t \therefore t = 1.5h$

25. একটি দিক পরিবর্তী প্রবাহকে $I = 50\sin 300\pi t$ সমীকরণে প্রকাশ করা হলো। ঐ প্রবাহের কম্পাঙ্ক কত হবে?
(a) 450 Hz (b) 400 Hz (c) 220 Hz (d) 150 Hz
সমাধান: (d); $I = I_o\sin 2\pi ft$ এর সাথে তুলনা করে, $2\pi f = 300\pi \therefore f = 150Hz$

26. একটি বিন্দু উৎস থেকে শব্দ তরঙ্গ বের হচ্ছে। কোনো একটি বিন্দুতে শব্দের তীব্রতা উৎস থেকে দূরত্বের–
(a) সমানুপাতিক (b) বর্গের সমানুপাতিক (c) ব্যস্তানুপাতিক (d) বর্গের ব্যস্তানুপাতিক
সমাধান: (d); বর্গের ব্যস্তানুপাতিক $\left(I = \frac{P}{4\pi r^2}\right)$।

27. দুইটি সুরশলাকার কম্পাঙ্ক যথাক্রমে 128 Hz ও 384 Hz । বায়ুতে শলাকা দুইটি হতে সৃষ্ট তরঙ্গদৈর্ঘ্যের অনুপাত কত?
(a) 3:1 (b) 1:3 (c) 2:1 (d) 1:2
সমাধান: (a); $f_1\lambda_1 = f_2\lambda_2 \Rightarrow \frac{\lambda_1}{\lambda_2} = \frac{f_2}{f_1} = \frac{384}{128} = \frac{3}{1} \therefore \lambda_1 : \lambda_2 = 3:1$

28. পানির প্রতিসরাঙ্ক 1.3 হলে পানিতে আলোর বেগ কত? [শূন্যস্থানে আলোর বেগ $3.0 \times 10^8\ ms^{-1}$]
(a) $3.0 \times 10^8\ ms^{-1}$ (b) $2.31 \times 10^8\ ms^{-1}$ (c) $2.0 \times 10^8\ ms^{-1}$ (d) $4.4 \times 10^8\ ms^{-1}$
সমাধান: (b); $C_w = \frac{Ca}{{}_a\mu_w} = \frac{3\times10^8}{1.3} = \frac{30}{13} \times 10^8 = 2.31 \times 10^8\ ms^{-1}$

Old Syllabus

29. একটি 13N ওজনের ও একটি 12N ওজনের দুইটি বস্তু একটি ভরবিহীন দড়ির দ্বারা ঘর্ষণ বিহীন কপিকলের উপর ঝুলন্ত। 13N ওজনের বস্তুর নিম্নমুখী ত্বরণ মুক্তভাবে পড়ন্ত বস্তুর ত্বরণের যতগুণ তা হলো-

(a) 1/12 (b) 1/13 (c) 1/25 (d) 13/25

সমাধান: (c); $a = \frac{m_1 - m_2}{m_1 + m_2} \times g = \frac{\frac{13}{g} - \frac{12}{g}}{\frac{13}{g} + \frac{12}{g}} \times g = \frac{1}{25} \times g$

30. একটি আদর্শ 1:8 step-down ট্রান্সফরমারের মুখ্য কুণ্ডলীর ক্ষমতা 10kW এবং গৌণ কুণ্ডলীতে 25A বিদ্যুৎ প্রবাহিত হচ্ছে। মূখ্য কুণ্ডলীর ভোল্টেজ কত?

(a) 2500V (b) 3200V (c) 31250V (d) 400V

সমাধান: (b); এখানে, $E_p I_p = E_s I_s = 10 \times 10^3 W$

$\therefore E_s = \frac{10 \times 10^3}{25} V = 400V$ $\therefore \frac{E_p}{E_s} = \frac{n_p}{n_s} = \frac{8}{1}$ [Step down transformer] $\therefore E_p = (8 \times 400)V = 3200V$

রসায়ন: MCQ ($30 \times 1 = 30$)

Short Syllabus

01. কোন বিক্রিয়ায় এনট্রপির মান বাড়ে?

(a) $2C(s) + O_2(g) \rightarrow 2CO(g)$ (b) $2H_2S(g) + SO_2(g) \rightarrow 3S(s) + 2H_2O(g)$

(c) $4Fe(s) + 3O_2(g) \rightarrow 2Fe_2O_3(s)$ (d) $CO(g) + 2H_2(g) \rightarrow CH_3OH(l)$

সমাধান: (c); স্বত:স্ফূর্ত বিক্রিয়ায় এনট্রপির মান বাড়ে।

02. একটি s অরবিটাল এবং একটি p অরবিটালের হাইব্রিডাইজেশন হলে আমরা পাই- **[Ans: b]**

(a) Two mutually perpendicular orbitals (b) Two orbitals at 180°

(c) Four orbitals directed tetrahedrally (d) Three orbitals in a plane

03. থায়োসালফেট, $S_2O_3^{2-}$ আয়নে সর্বমোট যোজন ইলেকট্রনের সংখ্যা কত? **[Ans: c]**

(a) 28 (b) 30 (c) 32 (d) 34

04. 2p অরবিটালের n, l এবং m এর মান যথাক্রমে- **[Ans: b]**

(a) 2,1,0 (b) 2,1, (−1,0,1) (c) 2,2, (−2, −1,0,1,2) (d) 1,1,0

05. নিম্নের বিকিরণগুলোর মধ্যে কোনটির তরঙ্গদৈর্ঘ্য সবচেয়ে কম? **[Ans: c]**

(a) X − ray (b) UV (c) γ − ray (d) Infra − red

06. নিম্নের যৌগগুলোর কোনটি নিওক্লিওফাইল? **[Ans: a]**

(a) H_2O (b) $AlCl_3$ (c) NH_4^+ (d) CH_3^+

07. $Ar - CHO \xrightarrow[H^+/H_2O]{\text{বিকারক (Reagent)}} ArCH(OH)COOH$। বিকারকটি –

(a) RMgX (b) HCN (c) CH_3Cl (d) H_2CO_3

সমাধান: (b); $Ar - CHO + HCN \rightarrow Ar-\underset{H}{\overset{O-H}{\underset{|}{\overset{|}{C}}}} - CN \xrightarrow[H^+]{H_2O} Ar-\underset{H}{\overset{O-H}{\underset{|}{\overset{|}{C}}}} - COOH + NH_3$

08. $CH_3CH = CHCH_3$ যৌগটির কয়টি স্টেরিও সমাণু রয়েছে? **[Ans: a]**

(a) 2 (b) 3 (c) 4 (d) None

09. 0.01mol/L ঘনমাত্রা বিশিষ্ট হাইড্রোনিয়াম আয়ন (H_3O^+) দ্রবণের pOH কত? **[Ans: b]**

(a) 2 (b) 12 (c) 10 (d) 14

10. তাপমাত্রা বৃদ্ধি করলে নিম্নে উল্লেখিত বিক্রিয়ায় অ্যামোনিয়ার উৎপাদন কিভাবে প্রভাবিত হবে? **[Ans: b]**

$N_2(g) + 3H_2(g) \rightleftharpoons 2NH_3(g); \Delta H = -92kJ/mol$

(a) Increase (b) Decrease (c) Remain same (d) None of these

11. কোনটি ফরমালিন? **[Ans: d]**
(a) 6-10% ethanoic acid (b) 96% ethanol
(c) 30% H_2O_2 (d) 40% aqueous solution of formaldehyde

12. যে শর্করা ফেহলিং দ্রবণ ও টলেন বিকারককে বিজারিত করতে পারে না- **[Ans: a]**
(a) Sucrose (b) Glucose (c) Fructose (d) Maltose

13. $CuSO_4$ দ্রবণে 1.0 F বিদ্যুৎ চার্জ প্রবাহিত করলে কত মোল কপার জমা হবে? **[Ans: a]**
(a) 0.5 mole at cathode (b) 0.5 mole at anode (c) 2 mole at anode (d) 2 mole at cathode

14. কোন বিক্রিয়াটি জারণ-বিজারণ নয়? **[Ans: c]**
(a) $2H_2O_2 \rightarrow 2H_2O + O_2$ (b) $CO_2 + C \rightarrow 2CO$
(c) $CaCO_3 \rightarrow CaO + CO_2$ (d) $Fe_2O_3 + 3CO \rightarrow 2Fe + 3CO_2$

15. নিম্নের 2% (W/V) জলীয় দ্রবণগুলোর কোনটির স্ফুটনাংক সবচেয়ে বেশি? **[Ans: c]**
(a) NaCl (b) KCl (c) RbCl (d) NaBr

16. কোন লেখচিত্রটি স্থির চাপে চার্লসের সূত্রের সাথে সঙ্গতিপূর্ণ? **[Ans: a]**
(a) 

(b) 

(c) 

(d) 

17. ম্যাক্সওয়েলের অণুর গতির বিবরণের ক্ষেত্রে কোন উক্তিটি সঠিক নয়? **[Ans: b]**
(a) Most probable speed is the speed of all of the molecules
(b) Most probable speed decreases as temperature increases
(c) Larger numbers of molecules move at a greater speed at high temperature
(d) Distribution curve tells the number of molecules moving at a certain speed

18. হাইড্রোজেন ব্রোমাইডের সাথে প্রোপিনের বিক্রিয়ায় প্রধান উৎপাদ হলো-
(a) 1-bromopropane (b) 2-bromopropane (c) 1,2-dibromopropane (d) 2-bromopropene
সমাধান: (b); $CH_3 - CH = CH_2 + HBr \rightarrow \underset{\text{2–Bromopropane}}{CH_3 - \underset{Br}{\underset{|}{CH}} - CH_3}$

19. নিম্নের সমতাকৃত বিক্রিয়ার সহগগুলোর মান হলো- **[Ans: c]**
$aNH_3 + bO_2 \rightarrow cNO + dH_2O$
(a) $a = 2, b = 3, c = 3$ and $d = 3$ (b) $a = 4, b = 7, c = 4$ and $d = 4$
(c) $a = 4, b = 5, c = 4$ and $d = 6$ (d) $a = 6, b = 7, c = 6$ and $d = 9$

20. বেরিয়াম ক্লোরাইডের জলীয় দ্রবণ পাতলা জলীয় সালফিউরিক এসিড দ্রবণে যোগ করলে সাদা অধঃক্ষেপ তৈরি হয় এ বিক্রিয়ার আয়নিক সমীকরণটি (অবস্থার সংকেত সহ) হলো- **[Ans: d]**
(a) $BaCl_2(aq) + H_2SO_4(aq) \rightarrow BaSO_4 + HCl(aq)$ (b) $Ba^{2+}(aq) + SO_4^-(aq) \rightarrow BaSO_4(s)$
(c) $Ba^{2+}(aq) + 2SO_4^-(aq) \rightarrow Ba(SO_4)_2(s)$ (d) $Ba^{2+}(aq) + SO_4^{2-}(aq) \rightarrow BaSO_4(s)$
সমাধান: (d); বিক্রিয়ক যদি আয়ন হিসেবে লেখা হয়, তাকে আয়নিক সমীকরণ বলে।

21. $^{14}_{6}C$ ও $^{16}_{8}O$ পরস্পরের- **[Ans: b]**
(a) Isomer (b) Isotone (c) Isobar (d) Isotope

22. কোন যৌগটি অ্যালফেটিক ও অ্যারোমেটিক উভয় ধর্ম প্রদর্শন করে? **[Ans: c]**
(a) Benzene (b) Cyclohexane (c) Toluene (d) Chlorobenzene

23. নিম্নের কোন এসিডটির pK_a এর মান সবচেয়ে বেশি? **[Ans: a]**
(a) CH_3COOH (b) $Cl_2CHCOOH$ (c) $ClCH_2COOH$ (d) C_6H_5COOH

Extra Syllabus

24. ইথাইল অ্যাসিটেটকে ক্ষারীয় আর্দ্র-বিশ্লেষণ করলে কোন উৎপাদগুলো তৈরি হয়? **[Ans: d]**
(a) $CH_3COOH + C_2H_5OH$ (b) $CH_3CH_2COOH + CH_2OH$
(c) $CH_3COONa + CH_3OH$ (d) $CH_3COONa + C_2H_5OH$

25. ইউরিয়া সার তৈরিতে প্রাকৃতিক গ্যাস যেভাবে ব্যবহৃত হয়- **[Ans: b]**
(a) As a fuel (b) For synthesis of NH_3 (c) As a cociant (d) None of the above

26. আইসোইলেকট্রিক পয়েন্টে অ্যামাইনো এসিডসমূহ কোনরূপে অবস্থান করে? **[Ans: c]**
(a) $H_3^+N - \underset{R}{CH} - COOH$ (b) $H_2N - \underset{R}{CH} - COO$ (c) $H_3^+N - \underset{R}{CH} - COO^-$ (d) $H_2N - \underset{R}{CH} - COOH$

27. পাশের নিউক্লিয়ার বিক্রিয়ায় X- কণাটি কী? ${}_4^9Be + X \rightarrow {}_6^{12}C + {}_0^1n$ **[Ans: a]**
(a) $\alpha -$ particle (b) $\beta -$ particle (c) $\gamma -$ ray (d) Neutron

28. $A + 2B \rightarrow D$ বিক্রিয়ার ক্ষেত্রে বিক্রিয়ার হার সমীকরণ হলো, rate $= k[A][B]$। যদি উভয় বিক্রিয়কের ঘনমাত্রা দ্বিগুণ করা হয়, তাহলে বিক্রিয়ার হার বৃদ্ধি পাবে-
(a) 2 times (b) 4 times (c) 6 times (d) 8 times
সমাধান: (b); $r_1 = k[A][B]$; $r_2 = k\,2[A]2[B] = 4k\,[A][B] = 4r_1$

Old Syllabus

29. কোন সিলভার হ্যালাইডটি ক্রীম-বর্ণের কঠিন পদার্থ, সূর্যালোকে কালচে হয় এবং ঘন অ্যামোনিয়া দ্রবণে দ্রবীভূত হয়? **[Ans: c]**
(a) AgF (b) AgCl (c) AgBr (d) Agl

30. একটি অনুদ্বায়ী দ্রবের লঘু দ্রবণের বাষ্পচাপ যার সাথে সরাসরি সমানুপাতিক তা হলো- **[Ans: d]**
(a) Molality of solvent (b) Osmotic pressure of the solute
(c) Molarity of the solvent (d) Mole fraction of the solvent

উচ্চতর গণিত: MCQ $(30 \times 1 = 30)$

Short Syllabus

01. $\frac{i-i^{-1}}{i+2i^{-1}}$ এর মান এবং নতি হবে যথাক্রমে-
(a) (0,0) (b) $-2i, \frac{-\pi}{2}$ (c) $2i, \frac{\pi}{2}$ (d) $-2, \pi$

সমাধান: (d); $\frac{i-i^{-1}}{i+2i^{-1}} = \frac{i^2-1}{i^2+2} = -\frac{-1-1}{-1+2} = -2 + 0\cdot i$; $\theta = \pi$



02. যদি $A = \begin{pmatrix} 2 & -2 \\ -2 & 2 \end{pmatrix}$ এবং $B = \begin{pmatrix} 2 & 2 \\ 3 & 3 \end{pmatrix}$ হয় তবে, AB =?
(a) $\begin{pmatrix} -2 & 2 \\ -2 & 2 \end{pmatrix}$ (b) $\begin{pmatrix} 0 & 0 \\ 0 & 0 \end{pmatrix}$ (c) $\begin{pmatrix} 0 & 0 \\ 3 & 0 \end{pmatrix}$ (d) $\begin{pmatrix} -2 & -2 \\ 2 & 2 \end{pmatrix}$
সমাধান: (d); $AB = \begin{pmatrix} 2 & -2 \\ -2 & 2 \end{pmatrix}\begin{pmatrix} 2 & 2 \\ 3 & 3 \end{pmatrix} = \begin{pmatrix} 4-6 & 4-6 \\ -4+6 & -4+6 \end{pmatrix} = \begin{pmatrix} -2 & -2 \\ 2 & 2 \end{pmatrix}$

03. $y = -5x + 9$ রেখার সাথে লম্ব রেখার নতি-
(a) 5 (b) -5 (c) $\frac{1}{5}$ (d) $-\frac{1}{5}$
সমাধান: (c); $y = -5x + 9; m_1 = -5$; $m_1m_2 = -1$ $\therefore m_2 = \frac{1}{5}$

04. নিম্নের কোন বৃত্তটি x-অক্ষকে স্পর্শ করে?

(a) $x^2+y^2-2x+6y+4=0$ (b) $x^2+y^2-4x+6y+5=0$

(c) $x^2+y^2-2x+6y+1=0$ (d) $2x^2+2y^2-2x+6y+3=0$

সমাধান: (c); $x^2+y^2-2x+6y+1=0$; x –অক্ষকে স্পর্শ করলে, $g^2=c;\ g^2=1\ \therefore g=\pm1$

05. (1,4) এবং (9,12) বিন্দুদ্বয়ের সংযোজক রেখা যে বিন্দুতে 3:5 অনুপাতে অন্তর্বিভক্ত হয়, তার স্থানাঙ্ক-

(a) (7,4) (b) (4,7) (c) (5,8) (d) (8,5)

সমাধান: (b); $x=\frac{3\times9+5\times1}{3+5}=4;\ y=\frac{3\times12+5\times4}{3+5}=7\ \therefore (x,y)=(4,7)$

07. $\begin{vmatrix}\alpha & \alpha & x\\ \beta & \beta & \beta\\ \theta & x & \theta\end{vmatrix}=0, x=?$

(a) α,β,θ (b) α,θ (c) β,θ (d) α,β

সমাধান: (b); $x=\alpha$ হলে, $\begin{vmatrix}\alpha & \alpha & \boxed{\alpha}\\ \beta & \beta & \beta\\ \theta & \boxed{\alpha} & \theta\end{vmatrix}=\alpha\beta\begin{vmatrix}1 & 1 & 1\\ 1 & 1 & 1\\ \theta & \alpha & \theta\end{vmatrix}=0$; $x=\theta$ হলে, $\begin{vmatrix}\alpha & \alpha & \boxed{\theta}\\ \beta & \beta & \beta\\ \theta & \boxed{\theta} & \theta\end{vmatrix}=\beta\theta\begin{vmatrix}\alpha & \alpha & \theta\\ 1 & 1 & 1\\ 1 & 1 & 1\end{vmatrix}=0$

$x=\beta$ হলে, $\begin{vmatrix}\alpha & \alpha & \boxed{\beta}\\ \beta & \beta & \beta\\ \theta & \boxed{\beta} & \theta\end{vmatrix}\neq0\ \therefore\ x=\alpha,\theta$

বিকল্প: $\begin{vmatrix}\alpha & \alpha & x\\ \beta & \beta & \beta\\ \theta & x & \theta\end{vmatrix}=0\ \therefore \beta[\alpha(\theta-x)-\alpha(\theta-\theta)+x(x-\theta)]=0\Rightarrow\beta(\alpha-x)(\theta-x)=0\ \therefore x=\theta,\alpha$

07. $3x^2-kx+4=0$ সমীকরণটির একটি মূল অপরটির 3 গুণ হলে k এর মান-

(a) 8 (b) -8 (c) $\sqrt{8}$ (d) ±8

সমাধান: (d); ধরি, মূলদ্বয় $\alpha, 3\alpha\ \therefore$ মূলদ্বয়ের যোগফল $\alpha+3\alpha=\frac{k}{3}\Rightarrow4\alpha=\frac{k}{3}\Rightarrow\alpha=\frac{k}{12}$ এবং মূলদ্বয়ের গুণফল $\alpha\cdot3\alpha=\frac{4}{3}$

$\Rightarrow\ \alpha^2=\frac{4}{9}\therefore\frac{k^2}{144}=\frac{4}{9}\Rightarrow k^2=64\Rightarrow k=\pm8$

Shortcut: মূলদ্বয়ের অনুপাত $m:n=3:1$ হলে, $\frac{b^2}{ac}=\frac{(m+n)^2}{mn}\therefore\frac{k^2}{3\times4}=\frac{(1+3)^2}{3}\Rightarrow k^2=4\times4^2\ \therefore k=\pm8$

08. $P(6,8), Q(4,0)$ এবং $R(0,0)$ শীর্ষবিন্দুবিশিষ্ট ত্রিভুজের ক্ষেত্রফল-

(a) 32 sq. unit (b) 16 sq. unit (c) 12 sq. unit (d) 24 sq. unit

সমাধান: (b); $\Delta=\frac{1}{2}\begin{vmatrix}0 & 0 & 1\\ 4 & 0 & 1\\ 6 & 8 & 1\end{vmatrix}=\frac{1}{2}\times(4\times8-6\times0)=16\ \text{sq. unit}$

09. 3p এবং 2p মানের বল দুইটির লব্ধির মান R। যদি প্রথম বলের পরিমাণ দ্বিগুণ করা হয়, তবে লব্ধির মানও দ্বিগুণ হয়। বলদ্বয়ের মধ্যবর্তী কোণ হবে-

(a) 60^o (b) 90^o (c) 120^o (d) 150^o

সমাধান: (c); $R^2=9p^2+4p^2+12p^2\cos\alpha$ ... ... (i)

$(2R)^2=(6p)^2+(2p)^2+24p^2\cos\alpha\Rightarrow4R^2=36p^2+4p^2+24p^2\cos\alpha$

(i) ও (ii) হতে, $R^2=9p^2+p^2+6p^2\cos\alpha$ ... ... (ii)

$6p^2\cos\alpha=-3p^2\therefore\cos\alpha=-\frac{1}{2}\therefore\alpha=120^o$

10. $\lim\limits_{x\to\infty}\frac{x^2+6x}{2x^2+5}=?$

(a) 0 (b) 3/2 (c) 1/2 (d) 1

সমাধান: (c); $\lim\limits_{x\to\infty}\frac{x^2+6x}{2x^2+5}=\lim\limits_{x\to\infty}\frac{1+\frac{6}{x}}{2+\frac{5}{x^2}}=\frac{1}{2}$

Shortcut: x^2 সর্বোচ্চ ঘাতের এর সহগদ্বয়ের অনুপাত $=\frac{1}{2}$

11. $3x+5y=2, 2x+3y=0, ax+by+1=0$ সমবিন্দুগামী হলে a এবং b এর সম্পর্ক-
(a) $4a-6b=1$ (b) $4a-6b=2$ (c) $6a-4b=1$ (d) $6a-4b=2$

সমাধান: (c); $\begin{vmatrix}3 & 5 & -2\\ 2 & 3 & 0\\ a & b & 1\end{vmatrix}=0 \Rightarrow 3(3-0)-5(2-0)-2(2b-3a)=0 \Rightarrow 6a-4b=1$

বিকল্প: $3x+5y=2$ ... ... (i)
$2x+3y=0$ ... ... (ii)

(i) $\times 2-$ (ii) $\times 3 \Rightarrow 6x+10y-6x-9y=4-0$
$\Rightarrow y=4$; y এর মান (ii) নং সমীকরণে বসিয়ে, $2x+3\times 4=0$
$\Rightarrow x=-6$

$\therefore ax+by+1=0$ সমীকরণ $(-6,4)$ বিন্দুগামী হলে, $-6a+4b+1=0$ বা $6a-4b=1$

12. $5x^2+15x-10y-4=0$ পরাবৃত্তের নিয়ামকের সমীকরণ-
(a) $40x+81=0$ (b) $2x+3=0$ (c) $40y+81=0$ (d) $40y+41=0$

সমাধান: (c); $5\left(x^2+2\cdot\frac{3}{2}\cdot x+\frac{9}{4}\right)=10y+4+\frac{45}{4} \Rightarrow \left(x+\frac{3}{2}\right)^2=\frac{10}{5}\left(y+\frac{61}{40}\right) \therefore X^2=4\left(\frac{1}{2}\right)Y \ \therefore a=\frac{1}{2}$

নিয়ামকের সমীকরণ, $Y+\frac{1}{2}=0 \Rightarrow y+\frac{61}{40}+\frac{1}{2}=0 \Rightarrow y+\frac{61+20}{40}=0 \therefore 40y+81=0$

13. $\sin 65^\circ+\cos 65^\circ$ এর মান-
(a) $2\cos 20^\circ$ (b) $\sqrt{2}\cos 20^\circ$ (c) $\sqrt{2}\sin 20^\circ$ (d) $2\sin 20^\circ$

সমাধান: (b); $\sin 65^\circ+\cos 65^\circ=\cos 65^\circ+\cos 25^\circ=2\cos 45^\circ\cos 20^\circ=\sqrt{2}\cos 20^\circ$

14. ABC ত্রিভুজের $\cos A+\cos C=\sin B$ হলে $\angle C$ এর মান-
(a) $\frac{\pi}{4}$ (b) $\frac{\pi}{3}$ (c) $\frac{\pi}{2}$ (d) $\frac{\pi}{6}$

সমাধান: (c); $\cos A+\cos C=\sin B \Rightarrow 2\cos\frac{A+C}{2}\cos\frac{C-A}{2}=2\sin\frac{B}{2}\cos\frac{B}{2}$

$\Rightarrow 2\cos\left(\frac{\pi}{2}-\frac{B}{2}\right)\cos\frac{C-A}{2}=2\sin\frac{B}{2}\cos\frac{B}{2} \Rightarrow \cos\frac{C-A}{2}=\cos\frac{B}{2} \ \therefore C-A=B \ \therefore C=A+B$

$\therefore A+B+C=\pi \ \therefore 2C=\pi \ \therefore C=\frac{\pi}{2}$ [একইভাবে $A=\frac{\pi}{2}$ হতে পারে]

15. $\sin^{-1}\frac{4}{5}+\cos^{-1}\frac{2}{\sqrt{5}}$ সমান-
(a) $\tan^{-1}\frac{2}{11}$ (b) $\sin^{-1}\frac{11}{2}$ (c) $\tan^{-1}\frac{11}{2}$ (d) $\cos^{-1}\frac{11}{2}$

সমাধান: (c); $\sin^{-1}\frac{4}{5}+\cos^{-1}\frac{2}{\sqrt{5}}$

$=\tan^{-1}\frac{4}{3}+\tan^{-1}\frac{1}{2}=\tan^{-1}\frac{\frac{4}{3}+\frac{1}{2}}{1-\frac{2}{3}}$

$=\tan^{-1}\frac{\frac{11}{6}}{\frac{1}{3}}=\tan^{-1}\frac{11}{2}$



16. $\operatorname{cosec}\theta+\cot\theta=\sqrt{3}, (0<\theta<2\pi)$ হলে, θ এর মান-
(a) $\frac{\pi}{6}$ (b) $\frac{\pi}{4}$ (c) $\frac{\pi}{3}$ (d) $\frac{2\pi}{3}$

সমাধান: (c); $\operatorname{cosec}\theta+\cot\theta=\sqrt{3} \Rightarrow \frac{1+\cos\theta}{\sin\theta}=\sqrt{3} \Rightarrow \frac{2\cos^2\frac{\theta}{2}}{2\sin\frac{\theta}{2}\cos\frac{\theta}{2}}=\sqrt{3} \Rightarrow \cot\frac{\theta}{2}=\sqrt{3}$

$\Rightarrow \cot\frac{\theta}{2}=\cot\frac{\pi}{6} \therefore \frac{\theta}{2}=\frac{\pi}{6} \ \therefore \theta=\frac{2\pi}{6}=\frac{\pi}{3}$

17. $x=0$ বিন্দুতে $y=x+e^x$ এর লেখচিত্রে স্পর্শকের সমীকরণ হবে-
(a) $y=x$ (b) $y=x+1$ (c) $y=2x+1$ (d) $y=2x$

সমাধান: (c); $y=x+e^x \therefore \frac{dy}{dx}=1+e^x; \therefore \frac{dy}{dx}|x=01+e^0=2$

$\therefore y=1 \therefore$ স্পর্শকের সমীকরণ $y-1=2(x-0) \therefore y=2x+1$

18. $\int\frac{e^x(1+x)}{\cos^2(xe^x)}dx=?$
(a) xe^x+c (b) $\tan(xe^x)+c$ (c) $\cot(xe^x)+c$ (d) $\cos(xe^x)+c$

সমাধান: (b); $z=xe^x \therefore dz=(xe^x+e^x)dx=e^x(x+1)dx$

$\int\frac{dz}{\cos^2 z}=\int\sec^2 z dz=\tan z+c=\tan(xe^x)+c$

19. $e^{xy+1} = 5$ হলে $\frac{dy}{dx} = ?$

(a) $\frac{\ln 5}{xy}$ (b) $\frac{\ln 5}{-x^2}$ (c) $-\frac{y}{x}$ (d) $\frac{\ln 5}{y}$

সমাধান: (c); $e^{xy+1} = 5 \Rightarrow xy + 1 = \ln(5) \Rightarrow xy = \ln(5) - 1 \therefore x\frac{dy}{dx} + y = 0 \therefore \frac{dy}{dx} = -\frac{y}{x}$

20. $\int_0^1 \frac{\ln(x+1)}{x+1} dx = ?$

(a) $\frac{1}{2}(\ln 2)^2$ (b) $\frac{1}{2}\ln 2$ (c) ∞ (d) 0

সমাধান: (a); $\int_0^1 \frac{\ln(x+1)}{x+1} dx$ [ধরি, $\ln(x+1) = z \Rightarrow \frac{1}{1+x}dx = dz$]

x	1	0
z	ln 2	0

$= \int_0^{\ln 2} z dz = \left[\frac{z^2}{2}\right]_0^{\ln 2} = \frac{1}{2}(\ln 2)^2$

21. $y = x$ এবং $y = x^2$ দ্বারা আবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল (বর্গ এককে)-

(a) $\frac{5}{6}$ (b) $\frac{1}{6}$ (c) $-\frac{1}{6}$ (d) $\frac{1}{3}$

সমাধান: (b); ছেদবিন্দু নির্ণয়: $y = x, y = x^2$ এ বসাই $\therefore x^2 - x = 0 \Rightarrow x(x-1) = 0 \therefore x = 0, 1$

$\therefore$ ক্ষেত্রফল $= \int_0^1 (y_u - y_l)dx = \int_0^1 (x - x^2)dx = \left[\frac{x^2}{2} - \frac{x^3}{3}\right]_0^1 = \frac{1}{2} - \frac{1}{3} = \frac{1}{6}$ বর্গ একক



Shortcut: $x^2 = y$ ও $y = x$ দ্বারা আবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল $= \frac{8}{3} \times \left(\frac{1}{4}\right)^2 \times 1^3 = \frac{8}{3} \times \frac{1}{16} = \frac{1}{6}$ বর্গ একক। $\left[\because a = \frac{1}{4}, m = 1\right]$

Extra Syllabus

22. $|x| < 1$ শর্তে $\frac{1+2x}{1-x}$ এর বিস্তৃতিতে x^9 এর সহগ-

(a) 1 (b) 5 (c) 2 (d) 3

সমাধান: (d); $(1+2x)(1-x)^{-1} = (1-x)^{-1} + 2x(1-x)^{-1}$

$= (1 + x + x^2 + \cdots + x^9 + \cdots \infty) + 2x(1 + x + x^2 + \cdots + x^8 + \cdots \infty$ $\therefore x^9$ এর সহগ $= 1 \times 1 + 2 \times 1 = 3$

23. x এর বাস্তব মানের জন্য $|4x - 3| > 1$ অসমতার সমাধান-

(a) $\left(-\infty, \frac{1}{2}\right)$ (b) $(1, \infty)$ (c) $\left(-\infty, \frac{1}{2}\right) \cup (1, \infty)$ (d) $\left(-\infty, \frac{1}{2}\right] \cup [1, \infty)$

সমাধান: (c); $|4x - 3| > 1$

যদি $(4x - 3)$ অঋণাত্মক হয়, $4x - 3 > 1 \therefore x > 1$

যদি $(4x - 3)$ ঋণাত্মক হয়, $4x - 3 < -1 \therefore x > \frac{1}{2}$

$\therefore$ সমাধানে সেট: $\left(-\infty, \frac{1}{2}\right) \cup (1, \infty)$

24. COURAGE শব্দটির বর্ণগুলি নিয়ে কতগুলি বিন্যাস সংখ্যা নির্ণয় করা যায় যেন প্রত্যেক বিন্যাসের প্রথমে একটি স্বরবর্ণ থাকে?

(a) 720 (b) 2880 (c) 180 (d) 5040

সমাধান: (b); COURAGE শব্দটিতে স্বরবর্ণ 4টি। $\therefore$ বিন্যাস সংখ্যা $= 4 \times 6! = 4 \times 720 = 2880$

25. 1 থেকে 21 পর্যন্ত সংখ্যা হতে যেকোনো একটিকে দৈবচয়নের মাধ্যমে নিলে সেই সংখ্যাটি 3 বা 7 এর গুণিতক হবার সম্ভাবনা কত?

(a) $\frac{8}{21}$ (b) $\frac{3}{7}$ (c) $\frac{10}{21}$ (d) $\frac{11}{21}$

সমাধান: (b); 1–21 পর্যন্ত 3 এর গুণিতক 7 টি $\left(\frac{21}{3} = 7\right)$; 7 এর গুণিতক 3 টি $\left(\frac{21}{7} = 3\right)$

3 ও 7 উভয়ের গুণিতক 1টি $\left(\frac{21}{3\times 7} = 1\right)$ $\therefore p = \frac{7}{21} + \frac{3}{21} - \frac{1}{21} = \frac{3}{7}$

26. a এর মান কত হলে $\frac{1}{2}\hat{i}+\frac{1}{3}\hat{j}+a\hat{k}$ ভেক্টরটি একটি একক ভেক্টর হবে?

(a) $\pm\frac{2}{3}$ (b) $\pm\frac{\sqrt{15}}{6}$ (c) $\pm\frac{7}{6}$ (d) $\pm\frac{\sqrt{23}}{6}$

সমাধান: (d); $I=\sqrt{\frac{1}{4}+\frac{1}{9}+a^2}\Rightarrow 1=\frac{13}{36}+a^2\Rightarrow a^2=\frac{23}{36}\therefore a=\pm\frac{\sqrt{23}}{6}$

27. ABC ত্রিভুজের BC, CA এবং AB বাহুর মধ্যবিন্দুগুলো যথাক্রমে D, E এবং F হলে-

(a) $\overrightarrow{AD}=\overrightarrow{AB}+\overrightarrow{BC}$ (b) $\overrightarrow{DA}=\overrightarrow{DF}+\overrightarrow{DE}$ (c) $\overrightarrow{AD}=\overrightarrow{AB}+\overrightarrow{AC}$ (d) $\overrightarrow{AD}=\overrightarrow{BE}+\overrightarrow{CF}$

সমাধান: (b); এখানে, DE||FA ও $\overrightarrow{DE}=\frac{1}{2}\overrightarrow{BA}=\overrightarrow{FA}$; DF||EA ও $\overrightarrow{DF}=\frac{1}{2}\overrightarrow{CA}=\overrightarrow{EA}$



অর্থাৎ DEAF সামান্তরিক ও DA কর্ণ ∴সামান্তরিক সূত্র অনুযায়ী, $\overrightarrow{DA}=\overrightarrow{DE}+\overrightarrow{DF}$

28. $f(x)=\frac{1}{\sqrt{4-x^2}}$ বাস্তব ফাংশনটির ডোমেন এবং রেঞ্জ-

(a) $x<-2, y>\frac{1}{2}$ (b) $-2<x<2, y\geq\frac{1}{2}$

(c) $-2\leq x\leq 2, y<\frac{1}{2}$ (d) $-x<-2\ \&\ x>, 2<y<2$

সমাধান: (b); $f(x)=\frac{1}{\sqrt{4-x^2}}\varepsilon\mathbb{R}\therefore -2<x<2\therefore y^2=\frac{1}{4-x^2}\Rightarrow 4-x^2=\frac{1}{y^2}$

x এর value minimum হলে, y minimum $\therefore -2<x<2, |x_{min}|=0\ \therefore 4=\frac{1}{y_{min}^2}\ \therefore y_{min}=\frac{1}{2}\therefore y_{min}=\frac{1}{2}\therefore y\geq\frac{1}{2}$

Old Syllabus

29. $\frac{1}{3.4}+\frac{1}{4.5}+\frac{1}{5.6}+\cdots$ n তম পদ পর্যন্ত =?

(a) $\frac{n+1}{3(n+2)}$ (b) $\frac{n}{3(n+3)}$ (c) $\frac{n}{2(n+3)}$ (d) $\frac{n+2}{3(n+3)}$

সমাধান: (b); $U_n=\frac{1}{(n+2)(n+3)}\ \therefore S_n=c-\frac{1}{n+3};\ S_o=c-\frac{1}{3}\Rightarrow 0=c-\frac{1}{3}\ \ \therefore c=\frac{1}{3}$

$\therefore S_n=\frac{1}{3}-\frac{1}{n+3}=\frac{n+3-3}{3(n+3)}=\frac{n}{3(n+3)}$

30. যদি $a*b=\frac{ab}{a+b}$ দ্বারা a এবং b বাস্তব সংখ্যার মধ্যে সম্পর্ক * দ্বারা সংজ্ঞায়িত করা হয়, তবে 10*2=?

(a) 5/3 (b) 5/2 (c) 5 (d) 2

সমাধান: (a); $a*b=\frac{ab}{a+b}\ \therefore 10*2=\frac{10\times 2}{10+2}=\frac{20}{12}=\frac{5}{3}$

জীববিজ্ঞান: MCQ ($30\times 1=30$)

Short Syllabus

01. ইলেকট্রন ট্রান্সপোর্ট সিস্টেমে নিচের কোনটি থেকে অক্সিজেন ইলেকট্রন গ্রহণ করে?

(a) Cyto. a_3 (b) Cyto. a (c) Cyto. c (d) Cyto. b

সমাধান: (a); ইলেকট্রন ট্রান্সপোর্ট সিস্টেম: $FAD\rightarrow CoQ\rightarrow Cyto.b\rightarrow Cyto.c\rightarrow Cyto.a\rightarrow Cyto.a_3\rightarrow O_2$

02. প্রোটিন সংশ্লেষণের জন্য নিম্নের কোনটি প্রযোজ্য? **[Ans: a]**

(a) Ribosome + mRNA+tRNA (b) Mitochondrion+Cristae+ETS

(c) Chloroplast+Thylakoid+Granum (d) Lysosome+Enzyme +Granule

03. প্লাস্মিড আবিষ্কার করেন কে? **[Ans: d]**

(a) Altman (b) Porter (c) Kolliker (d) Laderberg

04. পাটের আঁশ কোন জাতীয় টিস্যু? **[Ans: d]**

(a) Apical meristem (b) Secondary xylem tissue

(c) Primary xylem tissue (d) Secondary phloem tissue

05. নিম্নের কোন একবীজপত্রী উদ্ভিদে গৌণবৃদ্ধি ঘটে? **[Ans: a]**

(a) *Dracaena* (b) *Maize* (c) *Oryza sativa* (d) *Orchid*

06. অ্যাক্রোসেন্ট্রিক ক্রোমোসোম অ্যানাফেজ পর্যায়ে দেখতে কেমন? **[Ans: a]**
(a) J-shaped (b) V-shaped (c) L-shaped (d) I-shaped

07. শিম উদ্ভিদে কী ধরনের ডিম্বক থাকে?
(a) ঊর্দ্ধমুখী (b) পার্শ্বমুখী (c) অধোমুখী (d) বক্রমুখী
সমাধান: (c); অধোমুখী বা নিম্নমুখী ডিম্বক → শিম, রেড়ি, ছোলা ।

08. ঈস্টে কোন ধরনের এনজাইম আছে? **[Ans: c]**
(a) Amylase (b) Lipase (c) Zymase (d) Cellulase

09. নিম্নের কোন সপুষ্পক উদ্ভিদটিতে আর্কিগোনিয়াম পাওয়া যায়? **[Ans: c]**
(a) *Artocarpus* (b) *Hibiscus* (c) *Cycas* (d) *Ficus*

10. জীববিজ্ঞানী রবার্ট হুক কেন বিখ্যাত? **[Ans: d]**
(a) প্রাণিবিদ্যার জনক (b) উদ্ভিদ ও প্রাণীর শ্রেণিবিন্যাসের প্রবর্তক
(c) কোষ মতবাদের প্রবর্তক (d) 'Cell' শব্দের প্রবর্তক

11. কোনটি সঠিকভাবে লেখা রুই মাছের বৈজ্ঞানিক নাম? **[Ans: a]**
(a) *Labeo rohita* (b) Labeo rohita (c) *Labeo Rohito* (d) Labeo, rohita

12. নিম্নের কোনটি *Hydra* তে নিডোব্লাস্ট বহন করে না? **[Ans: d]**
(a) হাইপোস্টোম (b) কর্ষিকা (c) এপিডার্মিস (d) পাদ চাকতি

13. নিউক্লিওসাইডে কোনটি অনুপস্থিত?
(a) ডি-অক্সিরাইবোজ সুগার (b) সাইটোসিন (c) অ্যাডিনিন (d) অজৈব ফসফেট
সমাধান: (d); নিউক্লিওসাইড + অজৈব ফসফেট → নিউক্লিওটাইড

14. প্রকট এপিস্ট্যাসিস এর অনুপাত কোনটি? **[Ans: c]**
(a) 9:7 (b) 9:3:3:1 (c) 13:3 (d) 2:1

15. নিম্নের কোনটি প্রজাতির নামকরণের সাথে সম্পর্কিত? **[Ans: b]**
(a) ICZM (b) ICZN (c) British Museum (d) United Nations

16. কোনটি মানব বৃক্কের ম্যালপিজিয়ান কণিকার অংশ? **[Ans: a]**
(a) Bowman's Capsule (b) Henle's Loop (c) Collecting tubule (d) Renal tubule

17. সন্ধিপদ প্রাণীরা কোন পর্বের অন্তর্গত? **[Ans: d]**
(a) Annelida (b) Platyhelminthes (c) Mollusca (d) Arthropoda

18. ইনসুলিন কোন ধরনের পদার্থ?
(a) আমিষ (b) চর্বি (c) শর্করা (d) নিউক্লিক এসিড
সমাধান: (a); ইনসুলিন একটি হরমোন যা আমিষজাতীয় পদার্থ।

19. মানবদেহের দীর্ঘতম কোষ কোনটি?
(a) স্নায়ুকোষ (b) রক্তকোষ (c) যকৃত কোষ (d) পেশি কোষ
সমাধান: (a); দীর্ঘতম কোষ → মটর নিউরন যা 1.37 মিটার লম্বা

20. মানুষে বক্ষদেশীয় কশেরুকার সংখ্যা কয়টি? **[Ans: c]**
(a) 7 (b) 5 (c) 12 (d) 9

21. মানব দেহে লোহিত কণিকার আয়ুষ্কাল কত দিন? **[Ans: b]**
(a) 90 days (b) 120 days (c) 150 days (d) 180 days

Extra Syllabus

22. নিচের কোনটির দেহে নডিউল আছে? **[Ans: a]**
(a) *Navicula* (b) *Spirogyra* (c) *Clostridium* (d) *Sargassum*

23. নিচের কোনটি স্মৃতিশক্তি বর্ধক হিসেবে ব্যবহৃত হয়?
(a) *Boerhaavia repens* (b) *Bacopa moniera* (c) *Centella asiatica* (d) *Rauvolfia serpentina*
সমাধান: (c); *Centella asiatica* → থানকুনি

24. নিচের কোনটি সুন্দরবনের উদ্ভিদ?
(a) *Phoenix sylvestris* (b) *Cedras deodora* (c) *Ceriops decandra* (d) *Azadirachto indica*
সমাধান: (c); *Ceriops decandra* → গরান

25. মানুষের কয়টি প্যারাথাইরয়েড গ্রন্থি থাকে? **[Ans: b]**
(a) 3 (b) 4 (c) 2 (d) 1

26. কর্ণের কোন অংশে 'অর্গান অব কর্টি' দেখা যায়? **[Ans: b]**
(a) Saccular (b) Cochlea (c) Middle ear (d) External ear

27. বাংলাদেশ কোন প্রাণী ভৌগলিক অঞ্চলে অবস্থিত? **[Ans: c]**
(a) Palaearctic Region (b) Nearctic Region (c) Oriental Region (d) Neotropical Region

Old Syllabus

28. অ্যান্টিবায়োটিক টেট্রাসাইক্লিন এর উৎস- **[Ans: b]**
(a) *Streptomyces venezuelae* (b) *Streptomyces aureofaciens*
(c) *Bacillus subtills* (d) *Cephalosporum acremonium*

29. পিপাকৃতির বায়ুরন্ধ্র পাওয়া যায়- **[Ans: b]**
(a) *Riccia* (b) *Marchantia* (c) *Pteris* (d) *Selaginella*

30. মার্জিনাল (একপ্রান্তীয়) অমরাবিন্যাসযুক্ত গোত্র হলো- **[Ans: a]**
(a) Fabaceae (b) Brasicaceae (c) Malvaceae (d) Solanaceae

বাংলা: MCQ ($30 \times 1 = 30$)

01. 'দুরূহ' শব্দের সন্ধিবিচ্ছেদ- **[Ans: a]**
(a) দুঃ+ঊহ (b) দুঃ+রূহ (c) দূর+ঊহ (d) দুর+হ

02. 'একাদশে বৃহস্পতি' বাগধারাটির অর্থ- **[Ans: b]**
(a) অসম্ভব বস্তু (b) সুসময় (c) দুঃসময় (d) গ্রহের ফের

03. 'এ বয়স তবু নতুন কিছু তো করে' –এখানে 'তবু' হচ্ছে- **[Ans: d]**
(a) বিশেষ্য (b) বিশেষণ (c) সর্বনাম (d) অব্যয়

04. 'ক্ষিপ্র' –এর বিপরীত শব্দ- **[Ans: c]**
(a) দ্রুত (b) চতুর (c) মন্থর (d) চঞ্চল

05. বাংলা ভাষার নিজস্ব বিরামচিহ্ন কোনটি? **[Ans: c]**
(a) কমা (b) প্রশ্নচিহ্ন (c) দাঁড়ি (d) বিস্ময়চিহ্ন

06. For match-making Sheela is on her own. –বাক্যটির সঠিক বাংলা অনুবাদ- **[Ans: c]**
(a) জুড়ি মেলাতে শীলা নিজেরে ইচ্ছেমতো চলে (b) ঘটকালিতে শীলা তার নিজের মতো
(c) ঘটকালিতে শীলার জুড়ি নেই (d) নিজের ঘটকালি শীলা নিজেই করে

07. খরগোশের গল্পের কথা কার মনে হয়েছিল? **[Ans: b]**
(a) হাবিবুল্লাহর (b) ইউনুসের (c) মকসুদের (d) মোদাব্বেরের

08. যোগরূঢ় শব্দ কোনটি? **[Ans: c]**
(a) নদী (b) ঝরনা (c) জলধি (d) পাথার

09. 'মানুষ হও।' –বাক্যটিতে রয়েছে- **[Ans: d]**
(a) অনুনয় (b) আদেশ (c) অনুরোধ (d) উপদেশ

10. 'সকাল সকাল এসো' এখানে 'সকাল সকাল' কী অর্থে ব্যবহৃত? **[Ans: a]**
(a) তাড়াতাড়ি (b) সকালে (c) খুব সকালে (d) দুপুরের আগে

11. বিপরীতার্থক শব্দের মিলনে কোন দ্বন্দ্ব সমাসটি গঠিত? **[Ans: d]**
(a) রবি-শশী (b) অহি-নকুল (c) খাওয়া-পরা (d) ধনী-দরিদ্র

12. স্বরধ্বনির পরিবর্তন সংক্রান্ত গুণ, বৃদ্ধি ও সম্প্রসারণ কে একত্রে বলে- **[Ans: a]**
(a) অপশ্রুতি (b) অপঋদ্ধি (c) ত্রিশ্রুতি (d) ত্রিগুণা

13. শুদ্ধ বানান কোনটি? **[Ans: c]**
(a) দূরাকাঙ্খা (b) দুরাকাঙ্খা (c) দুরাকাঙ্ক্ষা (d) দূরাকাঙ্ক্ষা

14. কার্জন হলের উল্লেখ আছে কোন রচনায়? **[Ans: b]**
(a) সাহিত্যে খেলা (b) একুশের গল্প (c) বাংলাদেশ (d) একটি ফটোগ্রাফ

15. মর্সিয়া কী? **[Ans: d]**
(a) অস্ত্রবিশেষ (b) হাহাকার (c) ক্রন্দন (d) শোকগীতি

16. কার আত্মহত্যা অনেকের কাছে পরিহাসের বিষয় হয়ে দেখা দিল? **[Ans: b]**
(a) কলিমদ্দি (b) বিলাসী (c) তপু (d) হৈমন্তী

17. 'লেখাপড়া বিষয়ে তার যে গভীর অনুরাগ ছিল, এ-কথা বলা যায় না।' –এটি কী ধরনের বাক্য? **[Ans: c]**
(a) সরল (b) যৌগিক (c) মিশ্র (d) খণ্ড

18. প্রত্যয় ও বিভক্তিহীন নাম শব্দকে বলে-
(a) ধাতু (b) প্রত্যয় (c) প্রাতিপদিক (d) নাম-প্রকৃতি
সমাধান: (c); প্রাতিপদিককে নাম প্রকৃতিও বলা হয়। যেহেতু মূল নাম প্রাতিপদিক সেহেতু এখানে উত্তর (c) অধিক গ্রহণযোগ্য।

19. 'ও কি ক্ষুধাতুর পাঁজরায় বাজে ... ...।' – চরণটির শূন্যস্থানে কী হবে? **[Ans: c]**
(a) বেদনা মজলুমের (b) জীবনের আহাজারি (c) মৃত্যুর জয়ভেরী (d) মরণের রোনাজারি

20. কার ভালোবাসায় আকাশের বিস্তার ছিল? **[Ans: c]**
(a) মৃত্যুঞ্জয় (b) বিলাসী (c) হৈমন্তী (d) অপু

21. 'শামলা' শব্দটি কোন রচনায় ব্যবহৃত হয়েছে? **[Ans: c]**
(a) হৈমন্তী (b) অর্ধাঙ্গী
(c) কমলাকান্তের জবানবন্দি (d) কলিমদ্দি দফাদার

22. 'কবর' কবিতায় ব্যবহৃত 'দেড়ী' শব্দের অর্থ কী? **[Ans: d]**
(a) বিলম্ব (b) বড় (c) দড়ি (d) দেড় গুণ

23. কোন বাক্যটি 'অপরাহ্নের গল্প' থেকে উদ্বৃত হয়েছে? **[Ans: a]**
(a) পাপকে ঘৃণা করা যায়, পাপীকে নয় (b) চোর অধম নয়, চুরি নিকৃষ্ট
(c) রোগকে ঘৃণা করা যায়, রোগীকে কেন (d) দরিদ্র নয়, দারিদ্র্য ঘৃণা কর

24. 'লণ্ডভণ্ড' বোঝায় কোনটি? **[Ans: b]**
(a) দক্ষযজ্ঞ (b) তুলকালাম (c) হাটে হাঁড়ি ভাঙা (d) ভণ্ডপির

25. 'যে ভরণপোষণ করে' বাক্যটির সংকুচিত রূপ কী? **[Ans: b]**
(a) কর্তা (b) ভর্তা (c) প্রোষিতভর্তৃকা (d) খোরপোশ

26. 'আজ যদি বাবা আসতেন, কেমন মজা হতো।' –বাক্যটিতে কোন কালের বিশিষ্ট প্রয়োগ ঘটেছে? **[Ans: a]**
(a) নিত্যবৃত্ত অতীত (b) পুরাঘটিত অতীত (c) নিত্যবৃত্ত ভবিষ্যৎ (d) ঘটমান ভবিষ্যৎ

27. 'মাতাল ঋত্বিক' কার গ্রন্থের নাম? **[Ans: d]**
(a) সৈয়দ ওয়ালীউল্লাহ্ (b) সৈয়দ আলী আহসান (c) অমিয় চক্রবর্তী (d) শামসুর রাহমান

28. 'হাঁড়ি হাঁড়ি সন্দেশ' বাক্যাংশটি বহুবচনজ্ঞাপক হয়েছে- **[Ans: c]**
(a) সমষ্টিবাচক শব্দযোগে (b) বহুত্বজ্ঞাপক পদযোগে
(c) পদের দ্বিত্ব প্রয়োগে (d) সমার্থক শব্দের দ্বিত্ব প্রয়োগে

29. 'বেচারা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে? **[Ans: a]**
(a) ফারসি (b) ফরাসি (c) আরবি (d) হিন্দি

30. নিচের কোনটি 'পৃথিবী'র সমার্থক শব্দ নয়? **[Ans: d]**
(a) অবনী (b) বসুধা (c) অচলা (d) নবনী

English: MCQ ($30 \times 1 = 30$)

Read the following passage and answer the questions below (151-156)

Recently, significant problems regarding energy use have emerged. Enormous amounts of pollutants are being emitted from power plants, factories and automobiles, which are worsening the condition of the earth. This environmental degradation is a clear result of acid rain, increased levels of carbon dioxide in the atmosphere, and other forms of air pollution. Acid rain and air pollution, for instance, are devastating forests, crops, and lakes over wide areas all over the world. Since the 1950s, carbon dioxide levels in the atmosphere have increased by 13%, setting the stage for global warming. As atmospheric temperature rise, grain output may significantly decrease, making it more difficult for farmers to keep pace with the growth of population. In urban areas, air pollution is taking a toll on the buildings and human health.

To reduce the amount of environmental damage in cities, developed countries have devised technology to control the harmful emissions. However, as these countries already have an abundance of vehicles that continue to grow in number, the efficacy of these measures is diminished. Since cars and other vehicles create more air pollution than any other human activity, the most effective means to reduce pollution is to decrease the number of vehicles. A major shift away from automobile usage in urban areas may be possible with the aid of urban planning.

01. The passage is about- **[Ans: b]**
(a) The role of pollutants in increasing air pollution all over the world.
(b) Hazardous effects of air pollution and the role of urban planners in improving living conditions.
(c) The devastating effect of acid rain on forest resources, crops and water bodies.
(d) the extensive use of cars and vehicles is diminishing the growth of a risk-free society.

02. The word 'pollutants' in the passage is a/an _____. **[Ans: d]**
(a) adjective (b) adverb (c) verb (d) noun

03. The word 'emitted' can be replaced by_____. **[Ans: b]**
(a) engaged (b) discharged (c) derived (d) reduced

04. What happens with the increase in the atmospheric temperature? **[Ans: c]**
(a) The weather becomes very pleasant (b) It causes flooding in urban areas
(c) Crop production is reduced (d) Urban areas become overpopulated

05. "Taking a toll" in the passage means_____. **[Ans: c]**
(a) being expensive (b) causing a barrier (c) causing damage (d) ringing a bell

06. An antonym of 'efficacy' is_____. **[Ans: a]**
(a) uselessness (b) representation (c) reproduction (d) efficiency

07. The correct spelling is– **[Ans: d]**
(a) intuishon (b) intusion (c) intution (d) intuition

08. Since I _____ for our lunch, I _____ to attract the walter's attention. **[Ans: d]**
(a) paid, tried (b) paid, will be trying (c) pay, tried (d) was paying, tried

09. We _____ a cat, but one day it just disappeared. **[Ans: c]**
(a) would have (b) have (c) used to have (d) do have

10. I _____ at six o'clock, but _____ to be up by five. **[Ans: b]**
(a) normally get up, I have sometimes (b) normally get up, sometimes I have
(c) get normally up, sometimes I (d) get normally up, I sometime have

11. The antonym of "sporadic" is– **[Ans: c]**
(a) occasional (b) intermittent (c) frequent (d) isolated

12. "Illuminate" means _____. **[Ans: b]**
(a) deviant (b) brighten (c) Illegal (d) deceptive

13. When _____ here? **[Ans: b]**
(a) have you get (b) did you get (c) you get (d) had you get

14. Why _____ return the money? **[Ans: c]**
(a) you did not (b) you (c) did you not (d) you did't

15. High school students should not be ____ as being immature or naive. **[Ans: d]**
(a) helped (b) directed (c) taught (d) categorized

16. Albert Einstein's Theory of Relativity _____ the foundation of the possibility of time travel. **[Ans: c]**
(a) will lay (b) laying (c) laid (d) lay

17. Although the telescope _____ into space in 1990, its inception was almost a half-century earlier. **[Ans: c]**
(a) launched (b) launching (c) was launched (d) launch

18. There is still no way to wholly escape _____ the effects on the layers of gases enveloping the earth. **[Ans: c]**
(a) in (b) of (c) from (d) at

19. The 32,000-word novel 'The Time Machine' _____ H.G. Wells, popularized time travel. **[Ans: c]**
(a) into (b) of (c) by (d) in

20. The U.S. congress restored the Medal of Honor that was first presented in 1965 to a women _____ name few of us have heard. **[Ans: c]**
(a) which (b) who (c) whose (d) whom

21. Dr. Mary Edwards Walker was a surgeon, soldier, _____ fighter for women's rights. **[Ans: b]**
(a) with (b) and (c) of (d) also

22. Because of discrimination _____ women, she was required to work as a nurse rather than a doctor. **[Ans: c]**
(a) for (b) of (c) against (d) with

23. A good teacher is one who can help his/her student ___ errors in their work and suggest ways to ___ them. **[Ans: a]**
(a) identify, rectify (b) commit, overcome (c) find, resist (d) eliminate, perpetuate

24. We need to do more to _____ the poor flood victims. **[Ans: a]**
(a) reach out to (b) live up to (c) put up with (d) make up for

25. In some countries much of the natural environment has been transformed ____ farmland ____ a subsequent loss of species richness. **[Ans: b]**
(a) out of, along with (b) into, with (c) into, as a result of (d) away from, resulting from

26. Students should learn in an environment ____ pressure and with the freedom to choose what they want to learn. **[Ans: c]**
(a) soaked in (b) deprived of (c) devoid of (d) regardless of

27. We have to _____ our political differences and come together to ____ a joint fight against poverty and corruption. **[Ans: b]**
(a) cover, venture (b) rise over, pull off (c) mend, prevail (d) transcend, lead

28. Teaching can be a tough job, particularly when you have to ____ aggressive and unruly students. **[Ans: b]**
(a) cope on (b) deal with (c) handle to (d) work out

29. _____ the importance of zoos as tourist attractions, until recently there has been little research to investigate the nature, attitudes and motivations of zoo visitors. **[Ans: a]**
(a) Despite (b) Although (c) IN spite (d) Given

30. I haven't been feeling very well _____. **[Ans: a]**
(a) of late (b) not long ago (c) currently (d) by now

ঢাবি 'ক' ভর্তি পরীক্ষা ২০১৩-১৪ শিক্ষাবর্ষ

পূর্ণমান: ১২০	MCQ	সময়: ১ ঘণ্টা ৩০ মিনিট

পদার্থবিজ্ঞান, রসায়নসহ, উচ্চতর গণিত ও জীববিজ্ঞানের মধ্যে কেউ চাইলে ৪র্থ বিষয়ের পরিবর্তে বাংলা অথবা ইংরেজি যেকোনো একটি বিষয়ের উত্তর করতে পারবে। অর্থাৎ, সর্বমোট চারটি বিষয়ের উত্তর করতে হবে।

[প্রতিটি সঠিক উত্তরের জন্য ১ নম্বর প্রাপ্য হবে এবং ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে]

পদার্থবিজ্ঞান: MCQ ($30 \times 1 = 30$)

Short Syllabus

01. যদি $\vec{A} = 2\hat{i} + 3\hat{j} - 5\hat{k}$ এবং $\vec{B} = m\hat{i} + 2\hat{j} + 10\hat{k}$ তবে m এর মান কত হলে ভেক্টরদ্বয় পরস্পরের উপরের উপর লম্ব হবে?
(a) 12 (b) 20 (c) 22 (d) 120
সমাধান: (c); লম্ব বলে ভেক্টরদ্বয়ের ডট গুণফল = 0; $2m + 6 - 50 = 0 \therefore m = 22$

02. একটি সরল দোলকের দৈর্ঘ্য অপরটির দ্বিগুণ। দ্বিতীয় সরল দোলকের দোলনকাল 3s হলে প্রথমটির দোলনকাল কত?
(a) 5.25s (b) 4.24s (c) 3.455s (d) 6.20s
সমাধান: (b); $T \propto \sqrt{L} \therefore \frac{T_1}{T_2} = \frac{\sqrt{L_1}}{\sqrt{L_2}} \therefore T_1 = \frac{\sqrt{2L_2}}{\sqrt{L_2}} \times 3 = 3\sqrt{2} = 4.24s$

03. 4 kg ও 6 kg ভরের দুইটি বস্তু যথাক্রমে $10ms^{-1}$ এবং $5ms^{-1}$ বেগে একই দিকে গতিশীল। পরস্পর ধাক্কা খাওয়ার পর বস্তু দুইটি যুক্ত অবস্থায় চলতে থাকলে, যুক্ত বস্তুর বেগ কত?
(a) $10ms^{-1}$ (b) $7ms^{-1}$ (c) $6ms^{-1}$ (d) $4ms^{-1}$
সমাধান: (b); দুইটি একই দিকে চলায় দুইটার গতিই +ve ধরতে হবে। $(4 + 6)v = 4 \times 10 + 6 \times 5 \therefore v = 7$

04. $\frac{d^2x}{dt^2} + 25x = 0$ সমীকরণটি একটি সরল ছন্দিত স্পন্দন বর্ণনা করে। এই স্পন্দনের কৌণিক কম্পাঙ্ক কত?
(a) $100s^{-1}$ (b) $25s^{-1}$ (c) $10s^{-1}$ (d) $5s^{-1}$
সমাধান: (d); সমীকরণটির সাথে তুলনীয় $\frac{d^2x}{dt^2} + \omega^2 x = 0$ ফলে $\omega^2 = 25 \therefore \omega = 5s^{-1}$

05. সুপারকন্ডাক্টর সাধারণ কন্ডাক্টরের চেয়ে বেশি সুশৃংখল। যদি সুপারকন্ডাক্টর এবং সাধারণ কন্ডাক্টর অবস্থায় এনট্রপি যথাক্রমে S_S এবং S_n হয় তবে নিম্নের কোনটি সঠিক?
(a) $S_S = S_n$ (b) $S_S > S_n$ (c) $S_S < S_n$ (d) $S_S \geq S_n$
সমাধান: (c); এনট্রপি বিশৃঙ্খলতার পরিমাপক বলে সুপার কন্ডাক্টরের এনট্রপি কম।

06. 100W এবং 220V লিখিত একটি বৈদ্যুতিক বাল্ব প্রতিদিন 10 ঘণ্টা জ্বলে। 1 kWh এর মূল্য 3.00 টাকা হলে এর জন্য জুলাই মাসে বৈদ্যুতিক বিল কত আসবে?
(a) 220 Tk (b) 155 Tk (c) 105 Tk (d) 93 Tk
সমাধান: (d); বাল্ব ক্ষমতা 100W বা 0.1KW। প্রতিদিন ব্যবহৃত শক্তি $0.1 \times 10KWh = 1KWh$ এবং খরচ 3 টাকা। জুলাই মাসে 31 দিন বলে মোট বিল $3 \times 31 = 93$ টাকা।

07. একটি গতিশীল ইলেকট্রনের ভর m_e হলে নিচের কোনটি সঠিক? **[Ans: a]**
(a) $m_e > 9.11 \times 10^{-31}kg$ (b) $m_e < 9.11 \times 10^{-31}kg$
(c) $m_e = 9.11 \times 10^{-31}kg$ (d) $m_e << 9.11 \times 10^{-31}kg$

08. সৌরশক্তি কোন পদ্ধতিতে সৃষ্টি হয়? **[Ans: c]**
(a) ফিশন (b) আবেশিত ফিশন (c) ফিউশন (d) রাসায়নিক বিক্রিয়া

09. একটি সমান্তরাল পাত ধারককে চার্জিত করার ফলে এটির পাত দুইটির মধ্যে বিভব পার্থক্য হয় V। ধারকটির সঞ্চিত শক্তি দ্বিগুণ করার জন্য বিভব পার্থক্য কত হবে?

(a) $\frac{1}{4}V$ (b) $\frac{1}{2}V$ (c) $\sqrt{2}V$ (d) 2V

সমাধান: (c); $E_1 = \frac{1}{2}CV_1^2; E_2 = \frac{1}{2}CV_2^2 \therefore \frac{V_2^2}{V_1^2} = \frac{E_2}{E_1} \Rightarrow \frac{V_2^2}{V_1^2} = 2 \therefore V_2 = \sqrt{2}V$

10. নিচের মিশ্রিত একক গুলির মধ্যে কোনটি ওয়াট এর সমতুল্য নয়?

